যুগান্তর

# স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা জাতীয়করণের দাবি

বরিশাল ব্যুরো

০১ অক্টোবর ২০২২, ১৫:৩১:৫৭ | অনলাইন সংস্করণ




স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা জাতীয়করণের দাবিতে বরিশালে মতবিনিময়সভা করেছেন শিক্ষকরা।

বরিশাল প্রেসক্লাবের হলরুমে শনিবার বেলা সাড়ে ১১টায় বরিশাল জেলা স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা শিক্ষক ঐক্যজোটের উদ্যোগে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় বক্তৃতা দেন স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা শিক্ষক ঐক্যজোট জেলা কমিটির সভাপতি বশিরউল্লাহ আতাহারী, সাধারণ সম্পাদক মোস্তাফিজুর রহমান হালিম, উপদেষ্টা মোছাদ্দেক বিল্লাহ সাইদী।

বরিশাল সদর উপজেলা কমিটির সভাপতি আবুল খায়েরের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক রিয়াজ হাওলাদারের সঞ্চালনায় আরও বক্তব্য দেন সহসভাপতি মাওলানা রফিকুল ইসলাম।

X

বক্তারা বলেন, দেশের স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসার শিক্ষকরা ৩৬ বছর ধরে ১৮ হাজার শিক্ষক বিনাবেতনে কাজ করছেন। দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতির মধ্যে আমাদের পরিবারের মৌলিক চাহিদাও মেটাতে পারছি না। যারা শিক্ষিত জাতি গঠনে কাজ করে তারা অভুক্ত থাকলে সঠিক শিক্ষা প্রদান কষ্টসাধ্য হয়ে পড়ে। তাই অবিলম্বে স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা জাতীয়করণের জন্য প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীর সুদৃষ্টি কামনা করছি।

---

সম্পাদক : **সাইফুল আলম**, প্রকাশক : **সালমা ইসলাম**

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯
থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,
ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by The Daily Jugantor © 2022

X